## সম্পাদকীয় / Editorial

প্রবহমান ঋতুচক্রের আবর্তনে আকাশে মেঘপুঞ্জের ফাঁকে ফাঁকে এখন সোনালি রোদের ঝিলিক। নগরের প্রান্তিক মাঠে-ঘাটে, সবুজের সমারোহের মাঝে কাশ ফুলের ঝাড় মাথা দোলাচ্ছে বাতাসে। আকাশে কান পাতলে অস্ফুটে শোনা যায় জগজ্জননী মায়ের শ্রীচরণধ্বনি। সনাতন ধর্মের নবজাগরণ, সর্বধর্ম সমন্বয় ও মানব কল্যাণার্থ, মহাশক্তির ভক্তিবিনম্র আরাধনার যে সূচনা সংঘটিত হয়েছিল শ্রীশ্রীমায়ের আধ্যাত্মিক সঙ্কল্প ও কৃপাবর্ষণে, পায়ে পায়ে সেই মাতৃবন্দনা পদার্পণ করল একবিংশতি বর্ষে।

মহাশক্তির বহুধা রূপ, কখনও তিঁনি সৃষ্টিভূমির অতীত পরমব্রক্ষময় পুরুষের শক্তিস্বরূপিণী নিস্তরঙ্গভূমি-বিরাজিতা আদ্যাশক্তি, কখনও সৃষ্টি-ইচ্ছা লীলাময়ী উমা হৈমবতী কুমারী মাতা ব্রহ্মকুমারী, আবার কখনও সৃষ্টিস্পন্দনমণ্ডিতা ক্রিয়াময়ী, অখিল ব্রহ্মাণ্ডের প্রাণ স্বরূপিণী জগজ্জননী, আবার তিঁনিই কৃষ্ণসাজুয্যসম্পন্ন ধ্যানমণ্ণন ঋষির হৃদ্কমলস্থিত করালবদনী শ্যামা। অখিল দেবগণের উৎপাদিকা শক্তি বেদমাতা সৃষ্টি-স্থিতি-প্রলয়কত্রী, তিঁনিই অখিল বিশ্বের সঞ্চালক শক্তি, তিঁনিই তমোময়ী নিয়তি, আবার তিঁনিই পরমানন্দময়ী জগজ্জননী। আমাদের পুণ্য মাতৃমন্দিরে তিঁনিই সনাতন মৃন্ময়ী মূর্তিতে আরাধিতা — আবার তিঁনিই সদণ্ডরু-রূপিণী শ্রীশ্রীমা রূপে সতঃ লীলাকারিণী।

ত্রিদেব-পূজিতা সেই মহাশক্তির শুভ আবির্ভাবে মানব মনের সমস্ত গ্লানি কালিমা দুরীভূত হউক, আমাদের মাতৃমন্দির ধূপদীপপুষ্পের সুমিষ্ট আঘ্রাণে আমোদিত হউক, শ্রীশ্রীমায়ের রাতুল চরণে এই প্রার্থনা করি। দেবীপক্ষের পুণ্য লগ্নে সকল গুরুল্রাতা ভগিণীগণের কণ্ঠে মাতৃ বন্দনা উদাত্ত ধ্বণিতে উৎসারিত হউক।

> "নমো দেব্যৈ মহাদেব্যৈ শিবায়ৈ সততং নমঃ। নমঃ প্রকৃত্যে ভদ্রায়ৈ নিয়তাঃ প্রণতাঃ স্ম তাম।।"

It is autumn again. Hues of golden sunlight play hide and seek with plumes of cloud as bunches of "kash" flower sway their heads in swirling breeze in the fields and vales of rural Bengal. One can feel the advent of Mother Goddess in the whispers of nature.

The auspicious worship of Mother Durga that was started in our Ashram two decades ago, as a blessing bestowed by our Sree Sree Maa, with a mission for resurrection of Sanatan Dharma, religious amity and deliverance of humanity from evils, has reached the 21<sup>st</sup> year.

The Supreme Goddess manifests Herself in many forms. She is the Adya Shakti who remains, beyond the realm of creation, incessantly unified with Param Brahman in a primordial tranquil state. She also manifests as Uma Haimabati, the Kumari Mata, when the subtle desire of creation dawns in her Mind. She is the vibrant, cheerful energy ("kriyashakti') that is the primal force behind the creation of the material universe. Again, She is the Divine Mother who abodes the inner mind of sages and saints. She is omnipresent in our Ashram as our beloved Sree Sree Maa and worshipped with piety as Goddess Durga every autumn.

On the auspicious occasion of Navaratri festival (2012), as flowers and incense rent the air with their heady aroma, let all of us offer our humble obeisance to the golden feet of Sree Sree Maa and pray to her for deliverance of mankind from all evils and injustice through the holy grace of Goddess Durga. Let all gurubhais and gurubons chant Thy praise in holy unison –

> "Namo Devyai Maha Devyai Shivayai Satatang Namah ! Namah Prakrityai Bhadrayai Niyatah Pranatah Sma Tam !!"

Hiranyagarbha a Volume 5 No. 3 a 15th October, 2012 4

হিরণ্যগর্ভ/ हिरण्यगर्भ